গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৭২.১০১.০১.১৭-২৭৫

তারিখঃ ১৩.১২.২০১৮খ্রি:

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনী ডিজিজেস এন্ড ইউরোলজী শীর্ষক সমাপ্ত প্রকল্পের রাজস্বখাতে স্থানান্তরিত ৩টি পদের মেয়াদ ০১.০৬.২০১৬ইং হতে ৩১.০৫.২০১৮খ্রি: তারিখ পর্যন্ত ভুতাপেক্ষ এবং ০১.০৬.২০১৮খ্রি: তারিখ হতে ৩১.০৫.২০১৯খ্রি: তারিখ পর্যন্ত নিয়মিত সংরক্ষণ প্রসঙ্গে।

সূত্রঃ নং-০৫.০০.০০০০.১৫৯.০০.০১০.০৪(অংশ-১)-৩১১, তারিখ: ২৫.১০.২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন "ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনী ডিজিজেস এন্ড ইউরোলজী"শীর্ষক সমাপ্ত প্রকল্পের অস্থায়ীভাবে রাজস্বখাতে স্থানান্তরিত নিম্নবর্ণিত ০৩(তিন)টি পদের মেয়াদ ০১.০৬.২০১৬ইং হতে ৩১.০৫.২০১৮খ্রি: তারিখ পর্যন্ত ভুতাপেক্ষ এবং ০১.০৬.২০১৮খ্রি: তারিখ হতে ৩১.০৫.২০১৯খ্রি: তারিখ পর্যন্ত নিয়মিত সংরক্ষণে জনপ্রশাসন মন্ত্রণালয় সম্মতি প্রদান করেছে (কপি সংযুক্ত)। জনপ্রশাসন মন্ত্রণালয় সম্মতি পত্রের শর্তানুযায়ী ০৩(তিন)টি পদের মেয়াদ ০১.০৬.২০১৬খ্রি: তারিখ হতে ৩১.০৫.২০১৮খ্রি: তারিখ পর্যন্ত ভুতাপেক্ষ এবং ০১.০৬.২০১৮খ্রি: তারিখ হতে ৩১.০৫.২০১৯খ্রি: তারিখ পর্যন্ত নিয়মিত সংরক্ষণের সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

| নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল/১৫ |
|---|---|---|---|
| ০১ | প্রশাসনিক কর্মকর্তা | ০১(এক) | ১৬০০০-৩৮৬৪০/- |
| ০২ | সমাজ কল্যান কর্মকর্তা | ০১(এক)টি | ১৬০০০-৩৮৬৪০/- |
| ০৩ | ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার | ০১(এক)টি | ১৬০০০-৩৮৬৪০/- |
| | সর্বমোট= | ০৩(তিন)টি | |

সংযুক্তি: বর্ণনামতে

১৩.১২.২০১৮
(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোনঃ-৯৫৪৯৫৫৩

সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ: আ:-অতিরিক্ত সচিব (ব্যয় ব্যবস্থাপনা)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। পরিচালক ও অধ্যাপক, ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনী ডিজিজেস এন্ড ইউরোলজী, শেরে বাংলা নগর, ঢাকা।
২। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩। যুগ্মসচিব(প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০.০০০০.১৭২.২৬.০০৮.১৭-২৭৬ তারিখঃ ১৩.১২.২০১৮খ্রি:

বিষয়: মেটারনাল, নিউনেটাল চাইল্ড এন্ড এডোলেসেন্ট হেলথ্ অপারেশনাল প্ল্যানের অনুকূলে ইপিআই এন্ড সার্ভিল্যান্স কর্মসূচীর গাড়ী নং ঢাকা মেট্রো-ঘ-১৩-৯৩৫২ পাজেরো জীপ এর ০৪(চার)টি টায়ার ক্রয় বাবদ ১১০,০০০/-(এক লক্ষ দশ হাজার) টাকার প্রশাসনিক অনুমোদন ও আর্থিক অনুমোদন প্রদান সংক্রান্ত।

সুত্র : স্বাস্থ্য অধিদপ্তরের পত্র নং-স্বা:অধি:/ইপিআই/ট্রান্স-০৪৯/২০১৪/১৯৮১, তারিখ: ০৩.১২.২০১৮খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অধীন এমএনসি এন্ড এএইচ অপারেশনাল প্লানের আওতায় ব্যবহৃত ঢাকা মেট্রো-ঘ-১৩-৯৩৫২ পাজেরো জীপ এর ০৪(চার)টি টায়ার ক্রয় বাবদ লাইন ডাইরেক্টর, এমএনসি এন্ড এএইচ, মহাখালী, ঢাকা হতে নিম্নবর্ণিত প্রস্তাব পাওয়া গিয়েছে।

| নং | গাড়ি নং | গাড়ি মেরামতের বিবরণ | প্রস্তাবিত ব্যয় টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ঢাকা মেট্রো-ঘ-১৩-৯৩৫২ | প্রাডো জীপ এর ০৪(চার)টি টায়ার ক্রয় | ১১০,০০০/-(এক লক্ষ দশ হাজার) | প্রতিটি টায়ার ২৭,৫০০/-(সাতাশ হাজার পাঁচশত) টাকা হিসেবে |
| | | মোট= | ১১০,০০০/-(এক লক্ষ দশ হাজার) | |

০২। অর্থবিভাগের ব্যয় নিয়ন্ত্রণ শাখা-১ এর ০৩.০৩.২০১৬ তারিখের ৭.১৫১.০১৫.০৫.০০.০০৯.২০০৭ (অংশ)-১০০, সংখ্যক স্মারকপত্রে আর্থিক ক্ষমতা সংশোধন/পুন:অর্পণ না হওয়া পর্যন্ত সরকারী যানবাহন মেরামতের ক্ষেত্রে ০১(এক)টি গাড়ির জন্য এক বছরে মেরামত ব্যয় ১ লক্ষ টাকার উপরে হলে অর্থবিভাগ হতে প্রস্তাবগুলো Case to Case হিসাবে বিবেচনা করা হবে মর্মে উল্লেখ করা হয়।

০৩। এমতাবস্থায়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন এমএনসি এন্ড এএইচ অপারেশনাল প্লানের আওতায় ইপিআই এন্ড সার্ভিল্যান্স মেট্রো-ঘ-১৩-৯৩৫২ পাজেরো জীপ এর ০৪(চার)টি টায়ার ক্রয় বাবদ ১১০,০০০/-(এক লক্ষ দশ হাজার) টাকার প্রশাসনিক ও আর্থিক অনুমোদন প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে

১৩.১২.২০১৮
(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩

সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃ: আ:- উপসচিব, (বাজেট-৪)।

অনুলিপিঃ

১। লাইন ডাইরেক্টর, মেটারনাল নিউনেটাল চাইল্ড এন্ড এডোলেসেন্ট হেলথ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৩। যুগ্ম-সচিব (প্রবা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৭২.০২.০০৫.১৩-২৭৭ তারিখঃ ১৩.১২.২০১৮খ্রি:

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন এস্টাবলিশমেন্ট অব ন্যাশনাল ইনস্টিটিউট অব ডাইজেস্টিভ ডিজিজেস রিসার্চ এ্যান্ড হাসপাতাল স্থাপন শীর্ষক প্রকল্পের ২০১৮-২০১৯ অর্থবছরে এডিপি বরাদ্দ ১৮৫৫.০০ লক্ষ টাকা, পরবর্তীতে সংশোধিত বরাদ্দ ৪৭১৭.০০ লক্ষ টাকা। অবমুক্ত ৯২৮.৬৬ লক্ষ (রাজস্ব- ৫৯.১৮ লক্ষ + মূলধন- ৮৬৯.৪৮ লক্ষ) টাকা, অবশিষ্ট ৩৭৮৮.৩৪ লক্ষ (রাজস্ব-৩৬৬.৬২ লক্ষ + মূলধন- ৩৪২১.৫২ লক্ষ) টাকা ছাড়করণ প্রসংগে।

সূত্র: নং-এন আই ডিডিআর,এইচ/অর্থছাড়-১/২০১৮/১২৫, তারিখ: ০৪.১২.২০১৮খ্রি:,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, সংলগ্নী-৫ পর্যালোচনায় দেখা যায় ২০১৮-২০১৯ অর্থ বছরে ইতোপূর্বে ছাড়কৃত ২টি কিস্তির টাকার বিপরীতে খুব নগন্য মাত্রায় খরচ করা হয়েছে (মাত্র ৩.৩৩ লক্ষ টাকা) - অথচ বিল অপরিশোধিত রয়েছে মর্মে প্রেরিত পত্রে উল্লেখ করা হয়েছে; বিষয়টি জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৩.১২.২০১৮

(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোনঃ-৯৫৪৯৫৫৩

প্রকল্প পরিচালক
ন্যাশনাল ইনস্টিটিউট অব ডাইজেস্টিভ ডিজিজেস রিসার্চ
এন্ড হাসপাতাল স্থাপন প্রকল্প,
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৭২.০২.০০১.১৫-২৭৯ তারিখঃ ১৩.১২.২০১৮খ্রি:

বিষয়ঃ জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট, শেরে বাংলা নগর, ঢাকা এর সহকারী প্রোগ্রামার জনাব মোহাম্মদ আব্দুল মমিন এর চাকুরী নিয়মিতকরণ প্রসঙ্গে।

সূত্র: ১। আইন অধিশাখার পত্র নং-স্বাপকম (স্বাসেবি)/আইন অধিশাখা/রিট-১৮৪/২০১৪/৩১৯, তারিখ:-২২/১১/২০১৮খ্রি:,
২। স্বাস্থ্য অধিদপ্তরের পত্র নং-স্বাস্থ্য/প্রশা-১/সহ:প্রো:/ব্যক্তি-২২/২০১৮/৩০৯২, তারিখ:-১৬/০৯/২০১৮খ্রি:,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট, শেরে বাংলা নগর, ঢাকা এর সহকারী প্রোগ্রামার জনাব মোহাম্মদ আব্দুল মমিন এর চাকুরী নিয়মিতকরণের বিষয়ে ১১২৭০/২০১৪ নং রিট পিটিশন মামলার গত ২৯/১১/২০১৭ তারিখের রায়ের প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত রায়টি সহ কাগজপত্রাদি পিএসসিতে প্রেরণের জন্য আইন অধিশাখা মতামত/নির্দেশনা প্রদান করে (পতাকা-ক)। উল্লেখ্য, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং প্রবা-১/নিয়োগ-১/২০০০/৪৬, তারিখ: ১২.০২.২০০১ মোতাবেক জনাব মোহাম্মদ আব্দুল মমিন-কে ''ঢাকায় জাতীয় হৃদরোগ ইনষ্টিটিউট ও হাসপাতাল স্থাপন(২য় পর্ব)'' শীর্ষক প্রকল্পের সহকারী প্রোগ্রামার পদে নিয়োগ প্রদান করা হয় (পতাকা-খ)। তিনি উক্ত পদে ১১.০৩.২০০১ তারিখে যোগদান করতঃ অদ্যাবধি কর্মরত আছেন। প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক জনাব মোহাম্মদ আব্দুল মমিন, সহকারী প্রোগ্রামার এর বয়স প্রমার্জন সাপেক্ষে নিয়োগ প্রদান করা হয়নি। পরবর্তীতে ০৪.১১.১০ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হতে তার অতিরিক্ত বয়স প্রমার্জন করা হয়েছে (পতাকা-গ)। ইতোপূর্বে বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ের ০২/০৬/২০১৪খ্রি: তারিখের ৮০.১০৭.০৩২.০০.০০.০১২.২০১১-২০৩ স্মারক মোতাবেক জনাব মোহাম্মদ আব্দুল মমিন এর চাকুরী নিয়মিতকরণের বিষয়টি কিভাবে নিস্পত্তি করা হবে সে বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামত চাওয়া হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ১৭.১০.২০১২খ্রি: তারিখের ০৫.০০.০০০০.১৭০.১৫.০৬১.১১-৩১৯ স্মারকে জানানো হয়, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক চাকুরীতে প্রবেশকালীন অতিরিক্ত বয়স প্রমার্জনের বিধিগত সুযোগ নেই (পতাকা-ঘ)। পরবর্তীতে এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয় হতে ০২.০৬.২০১৪খ্রি: তারিখের ৮০.১০৭.০৩২.০০.০০.০১২.২০১১-২০৩ স্মারকে জানানো হয়, নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত বয়সের চেয়ে ০১ বছর ০৬ মাস ২২ দিন বেশী ছিল বিধায় তার নিয়োগ বিধিসম্মত নয় মর্মে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রদত্ত মতামতের পরিপ্রেক্ষিতে তার চাকুরী নিয়মিতকরণের সুপারিশ করা যায়না (পতাকা-ঙ)।

এমতাবস্থায়, স্বাস্থ্য সেবা বিভাগের আইন অধিশাখার মতামতের আলোকে ১১২৭০/২০১৪ নং রিট পিটিশন মামলার গত ২৯/১১/২০১৭খ্রি: তারিখের রায়ের প্রেক্ষিতে এ বিষয়ে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি-বর্ণনামতে

১৩.১২.২০১৮
(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোনঃ-৯৫৪৯৫৫৩

সচিব
বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। যুগ্মসচিব(আইন অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৩। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৭২.৯৯.০০১.১৬-২৮১ তারিখ: ১৮.১২.২০১৮খ্রি:

বিষয়: অপারেশনাল প্ল্যান, উন্নয়ন প্রকল্প/টিএ প্রকল্পের কার্যক্রম পরিদর্শন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে, জনাব মসিউর রহমান, অতিরিক্ত সচিব(আ:ব্য:অ:), স্বাস্থ্য সেবা বিভাগ নিম্নরুপ কর্মসূচি অনুযায়ী অপারেশনাল প্ল্যান সমূহের কার্যক্রম পরিদর্শন করবেন:

| তারিখ | সময় | বিবরণ | ব্যবস্থাপনা/মাধ্যম |
|---|---|---|---|
| ২৪.১২.২০১৮ সোমবার | সকাল ১০.০০ টা | ন্যাশনাল আই কেয়ার অপারেশনাল প্ল্যানের অগ্রগতি ও কার্যক্রম সম্পর্কে উপস্থাপনা<br>স্থান: ন্যাশনাল আই কেয়ার অফিস | লাইন ডাইরেক্টর, ন্যাশনাল আই কেয়ার |
| ২৭.১২.২০১৮ বৃহস্পতিবার | সকাল ১০.০০ টা | ন্যাশনাল নিউট্রিশন সার্ভিস (এনএনএস) অপারেশনাল প্ল্যানের অগ্রগতি ও কার্যক্রম সম্পর্কে উপস্থাপনা<br>স্থান: ন্যাশনাল নিউট্রিশন সার্ভিস (এনএনএস) অফিস | লাইন ডাইরেক্টর, ন্যাশনাল নিউট্রিশন সার্ভিস (এনএনএস) |

সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টরগণকে অপারেশনাল প্ল্যান সম্পর্কে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেসনসহ বাস্তবায়ন অগ্রগতি ও চ্যালেঞ্জ বিষয়ে সংক্ষিপ্তাকারে উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৮-১২-২০১৮
(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোনঃ-৯৫৪৯৫৫৩

বিতরন:

১। পরিচালক ও অধ্যাপক, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল ও লাইন ডাইরেক্টর, ন্যাশনাল আই কেয়ার, শেরে বাংলানগর, ঢাকা।
২। লাইন ডাইরেক্টর, ন্যাশনাল নিউট্রিশন সার্ভিস (এনএনএস), আইপিএইচএন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থেঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সহকারী সচিব (প্রকল্প বাস্তবায়ন-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬। অতিরিক্ত সচিব(আ:ব্য:অ:) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।